

কারিগরি শিক্ষা, সমৃদ্ধ
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার
বাংলাদেশ

www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৫৫.০০১.১৮.১৪৪০

তারিখ: ৩০ কার্তিক ১৪২৫

১৪ নভেম্বর ২০১৮

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন টেকনিক্যাল স্কুল ও কলেজের ১৬৬টি পদ রাজস্বখাতে স্থানান্তর প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৬.০৫.০২২.১৫-৮৫৭ তারিখ: ৩১ অক্টোবর, ২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন “এসএসসি ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স প্রবর্তনের লক্ষ্যে ১৩টি নতুন ভিটিআই স্থাপন (যেখানে কোন ভিটিআই বা টিটিসি নাই) এবং বিদ্যমান ৫১টি ভিটিআই সমূহের সংস্কার ও উন্নয়ন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের বিষয়ে সমঝোতা চুক্তি এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের নির্দেশনার আলোকে রাজস্বখাতে স্থানান্তরিত ১৬৬টি পদের বিপরীতে কর্মরত জনবলের হালনাগাদ তথ্যাদি প্রেরণ করা সংক্রান্ত একখানা পত্র পাওয়া গেছে।

২। এখানে উল্লেখ্য যে, গত ১০/১১/২০১৪ খ্রিঃ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের তৎকালীন সচিব মহোদয়ের সভাপতিত্বে টেকনিক্যাল স্কুল ও কলেজের সমস্যাবলী নিরসনকল্পে এক সভা হয়। সভার আলোকে বিদ্যমান সকল পক্ষের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত সময়ে অর্থ মন্ত্রণালয়ের অনুমতি প্রাপ্ত ১২৩৩টি পদে নিয়োগের পর অবশিষ্ট ৭২টি শূন্য পদের হিসাব ব্যতীত ১৬৬টি পদের জন্য অর্থমন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ এবং ৮টি ইন্সট্রাকটর (বাংলা) পদ নতুন করে সৃজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল।

৩। উল্লিখিত পদসমূহে পূর্বতন রাজস্বখাতে (স্থায়ী ও অস্থায়ী) নিয়োজিত সুপারিনটেনডেন্ট, সহকারী সুপারিনটেনডেন্ট, সিনিয়র ক্রাফট/ট্রেড ইন্সট্রাকটর, সিনিয়র সাইন্স ইন্সট্রাকটর, ভাষা শিক্ষক (বাংলা ও সমাজ বিজ্ঞান), ফোরম্যান, ক্রাফট/ট্রেড ইন্সট্রাকটর, মানবিক শিক্ষক/মানবিক ও বিজ্ঞান শিক্ষক/গণিত ও বিজ্ঞান শিক্ষকদের পদায়ন দেয়ার নিমিত্ত নিম্নবর্ণিত ছক মোতাবেক হালনাগাদ তথ্য প্রয়োজন।

প্রতিষ্ঠানের নাম :

ক্রমিক নং	পূর্বতন রাজস্বখাত ভুক্ত (স্থায়ী ও অস্থায়ী) শিক্ষকের নাম, পদবী, জন্মতারিখ ও মোবাইল নম্বর	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বর্তমান গ্রেড ও বেতন স্কেল	প্রকল্প পদের পদবী (প্রযোজ্য ক্ষেত্রে)	প্রকল্পের পদে কর্মরত মেয়াদ (প্রযোজ্য ক্ষেত্রে)		শিক্ষাগত যোগ্যতা			
				হতে	পর্যন্ত	পরীক্ষার নাম	পাশের সন	বিষয় সমূহ	প্রাপ্ত বিভাগ/শ্র েণী

৪। পত্র জারির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে সমাপ্ত উন্নয়ন প্রকল্পে স্থানান্তরিত পদে পদায়নে আগ্রহী প্রেষণ প্রাপ্ত ও প্রেষণ বর্হিভূত শিক্ষকগণ সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর আবেদনসহ বর্ণিত ছক পূরণপূর্বক প্রিন্ট কপি এবং dteadvoc@gmail.com এ সফটকপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৫-১১-২০১৮

মোঃ অহিদুল ইসলাম
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ২) অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ৩) আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ বরিশাল/ সিলেট বিভাগ।
- ৪) ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর-কাম-সার্ভিস ওয়ার্কশপ, পাঠানটুলী, নারায়নগঞ্জ।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৫৫.০০১.১৮.১৪৪০/১(৩)

তারিখ: ৩০ কার্তিক ১৪২৫
১৪ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩) সংরক্ষণ নথি।



১৫-১১-২০১৮

মোহাম্মদ সাজজাদ মুফতী
সহকারী পরিচালক